



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রকল্প পরিচালকের কার্যালয়

**বঙ্গবন্ধুর আদর্শ ও মুক্তিযুদ্ধের চেতনা বাস্তবায়ন প্রকল্প**

জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়

জাতীয় স্কাউট ভবন (১৩ তম তলা), ৬০ কাকরাইল, ঢাকা-১০০০

www.jamuka.gov.bd

বিজ্ঞপ্তি নং - ৪৮.০২.০০০০.০১৪.৩১.০০৭.২২.৬৬

তারিখ: ২১ চৈত্র ১৪২৯  
০৪ এপ্রিল ২০২৩

**“১৯৭১ সালের মুক্তিযুদ্ধের উপর গবেষণা” সম্পাদনের জন্য গবেষণা প্রতিষ্ঠান/পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের লক্ষ্যে  
আগ্রহব্যক্তকরণের অনুরোধ (REOI) সম্বলিত বিজ্ঞপ্তি**

(১)	মন্ত্রণালয় / বিভাগ	:	মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
(২)	সংস্থা	:	জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল (জামুকা)
(৩)	আগ্রহব্যক্তকরণ আহবানকারী কূর্তপক্ষের নাম ও ঠিকানা	:	প্রকল্প পরিচালক, বঙ্গবন্ধুর আদর্শ ও মুক্তিযুদ্ধের চেতনা বাস্তবায়ন প্রকল্প, কক্ষ নং- ১৩০৭, জাতীয় স্কাউট ভবন (১৩ তম তলা), ৬০ কাকরাইল, ঢাকা-১০০০, ফোন: ০২২২৬৬৬৪৪৩৮, ইমেইল: nurlaminahid@gmail.com।
(৪)	ক্রয়/সংগ্রহ পদ্ধতি	:	গুণগত মান ও ব্যয়ভিত্তিক নির্বাচন পদ্ধতি (QCBS)
(৫)	বাজেট এবং অর্থের উৎস	:	উন্নয়ন খাত (সরকারি)
(৬)	কাজের নাম	:	“১৯৭১ সালের মুক্তিযুদ্ধের উপর গবেষণা” সম্পাদন।
(৭)	আগ্রহব্যক্তকরণ আবেদন গ্রহণের শেষ তারিখ ও সময়	:	২৬/০৪/২০২৩ দুপুর ০২:০০ টা পর্যন্ত
(৮)	গবেষণা কাজের সংক্ষিপ্ত বিবরণ	:	বাজালি জাতির সর্বকালের শ্রেষ্ঠ অর্জন বাংলাদেশের স্বাধীনতা। ৩০ লক্ষ শহীদের রক্ত, প্রায় ২ লক্ষ মা-বোনের ইজ্জত ও সম্মান এবং লক্ষ লক্ষ বাড়ী-ঘর ও অর্থ-সম্পদ ধ্বংসের বিনিময়ে অর্জিত হয়েছে বাংলাদেশের স্বাধীনতা। ১৯৪৭ সালের ১৪ আগস্ট পাকিস্তান রাষ্ট্রের জন্ম হয়। পূর্ব বাংলা হয় পাকিস্তান এর অংশ-পূর্ব পাকিস্তান। জনগন আশা করেছিল এবার তাদের আশ-আকাঙ্ক্ষা পূরণ হবে। কিন্তু কিছুদিনের মধ্যেই পূর্ব পাকিস্তানের জনগণ অনুভব করলেন, তাদের প্রত্যাশা পূরণ হওয়ার নয়। পাকিস্তানের শাসকবর্গ পূর্ব পরিকল্পিত একক সংস্কৃতি প্রতিষ্ঠার ষড়যন্ত্র করছে। রাজনৈতিক ক্ষেত্রে পূর্ব পাকিস্তানের জনগনের অংশগ্রহণের ক্ষেত্র সংকুচিত করা হয়েছে। অর্থনৈতিক ক্ষেত্রে তারা বঞ্চনার শিকার হয়েছেন। এভাবে পূর্ব পাকিস্তানের স্বাধীনতা সংগ্রামের পটভূমি তৈরি হয়। বঙ্গবন্ধুর নেতৃত্বে শুরু হয় আন্দোলন যার ফলশ্রুতিতে দীর্ঘ নয় মাস রক্তক্ষয়ী যুদ্ধের পর আসে স্বাধীনতা। প্রস্তাবিত গবেষণার মাধ্যমে মহান মুক্তিযুদ্ধের পটভূমি, প্রয়োজনীয়তা ও তাৎপর্য বিশেষত এই যুদ্ধে বহির্বিশ্বের ভূমিকা যেমন: ১৯৭০ সালের নির্বাচন পরবর্তী আলোচনা, অসহযোগ আন্দোলন, গণহত্যা শুরু ও স্বাধীনতা ঘোষণা; মহান মুক্তিযুদ্ধের বিবরণ; মুক্তিযুদ্ধে ভারত, পূর্ব ও পশ্চিম ইউরোপ, উত্তর আমেরিকা, মুসলিম বিশ্ব ও দূর প্রাচ্যের দেশসমূহের ভূমিকা এবং যুদ্ধের উপর প্রভাব; এবং বাংলাদেশের মুক্তিযুদ্ধে প্রবাসী বাংলাদেশী, বিদেশী নাগরিক ও সুশীল সমাজ এবং আন্তর্জাতিক গণমাধ্যমের ভূমিকা তুলে ধরা হবে।
(৯)	গবেষণা প্রতিষ্ঠান/পরামর্শক প্রতিষ্ঠানের যোগ্যতা ও অভিজ্ঞতা	:	<b>(ক) প্রয়োজনীয় যোগ্যতা:</b> (১) আগ্রহী গবেষণা/পরামর্শক প্রতিষ্ঠান বা গবেষণা দলের মুখ্য সদস্যদের মুক্তিযুদ্ধ/শান্তি ও যুদ্ধ/ইতিহাস বিষয়ে সফলভাবে কমপক্ষে তিনটি গবেষণাকার্য সম্পাদনের অভিজ্ঞতা; (২) গবেষণা দলের দলনেতা ও উপনেতার মানবিক/কলা/মানবসম্পদ/ইতিহাস/সাহিত্য ও সম্পৃক্ত বিষয়ে ন্যূনতম পোস্ট গ্রাজুয়েশান ডিগ্রি এবং সাত বছরের গবেষণা করার অভিজ্ঞতা; (৩) গবেষণাদলের দলনেতা ও উপনেতার বাংলাদেশের প্রেক্ষিতে গবেষণাকার্য পরিচালনা ও বাস্তবায়নের অভিজ্ঞতা; এবং (৪) গবেষণা দলের মুখ্য সদস্যদের বাংলা ও ইংরেজী ভাষায় মানসম্মত গবেষণা প্রতিবেদন লেখার অভিজ্ঞতা। <b>(খ) অতিরিক্ত যোগ্যতা:</b> (৫) গবেষণা দলের দলনেতা ও উপনেতার মানবিক/কলা/মানবসম্পদ/ইতিহাস/সাহিত্য ও সম্পৃক্ত বিষয়ে পিএইচডি ডিগ্রি; এবং (৬) আগ্রহী গবেষণা প্রতিষ্ঠান/পরামর্শক প্রতিষ্ঠান বা গবেষণা দলের মুখ্য সদস্যদের উন্নয়ন সহযোগী বা সরকারি অর্ধায়নে পরিচালিত গবেষণাকার্য সম্পাদনের অভিজ্ঞতা।
(১০)	গবেষণা কাজ শুরু ও সমাপ্তির সম্ভাব্য তারিখ	:	শুরু: ০১/০৭/২০২৩ খ্রি., শেষ: ৩১/১২/২০২৩ খ্রি.
(১১)	অন্যান্য বিষয়াদি (প্রয়োজ্য ক্ষেত্রে)	:	আগ্রহব্যক্তকরণ আবেদন একটি বন্ধ খামে নিম্নস্বাক্ষরকারীর বরাবরে দাখিল করতে হবে। খামের উপর স্পষ্টভাবে লিখতে হবে “১৯৭১ সালের মুক্তিযুদ্ধের উপর গবেষণা সম্পাদনের জন্য আগ্রহব্যক্তকরণ আবেদন”।

বি.দ্র.: কর্তৃপক্ষ কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আগ্রহব্যক্তকরণ আবেদন বা সকল আবেদন গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

ড. মোঃ নূরুল আমিন

প্রকল্প পরিচালক (উপসচিব)

বঙ্গবন্ধুর আদর্শ ও মুক্তিযুদ্ধের চেতনা বাস্তবায়ন প্রকল্প